সমকাল
■ মঙ্গলবার। ২৮ জুলাই ২০২৬। ১৩ শ্রাবণ ১৪৩৩

## মার্কেন্টাইল ব্যাংক পিএলসি.

নজিপুর শাখা, নওগাঁ।

**অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ (৩) ধারার বিধান মোতাবেক**

## বন্ধকী সম্পত্তি বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি:

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মার্কেন্টাইল ব্যাংক পিএলসি, নজিপুর শাখা, নওগাঁ-এর খেলাপী ঋণগ্রহীতা, "মেসার্স মা ট্রেডার্স" স্বত্বাধিকারী মোঃ শফিউদ্দীন, পিতা: মৃত ফয়েজ উদ্দীন মন্ডল, মাতা: মৃত মরিয়ম বেগম, বর্তমান ও স্থায়ী ঠিকানাঃ- গ্রামঃ জয়জয়পুর, পোঃ ধামইরহাট, উপজেলা/থানা: ধামইরহাট, জেলা: নওগাঁ, ব্যবসায়িক ঠিকানা: উত্তর চকযদু, সদর রাস্তা, পোঃ ধামইরহাট, উপজেলা/থানা: ধামইরহাট, জেলা: নওগাঁ, এর নিকট গত ২৫/০৭/২০২৬ ইং তারিখ পর্যন্ত সুদাসল ও অন্যান্য খরচাসহ অত্র ব্যাংকের মোট পাওনা টাকা ১,০৫,৯৫,২৬৭.০০ (এক কোটি পাঁচ লক্ষ পঁচানব্বই হাজার দুইশত সাতষট্টি টাকা) মাত্র এবং আদায় কালতক সুদ ও অন্যান্য পাওনা আদায়ের নিমিত্তে ঋণের বিপরীতে মোঃ শফিউদ্দীন কর্তৃক অত্র ব্যাংকের অনুকূলে বন্ধকীকৃত ও আম-মোক্তারনামা দলিলবলে বিক্রয়ের ক্ষমতাপ্রাপ্ত নিম্ন তফসিল বর্ণিত জমি বিক্রয়ের লক্ষ্যে আগ্রহী নিলাম ক্রেতাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তাধীনে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে।

**দরপত্রের শর্তাবলী:**

১. আগ্রহী দরদাতাগণকে তার বা তাদের নিজস্ব প্যাডে বা সাদা কাগজে আগামী ২০.০৮.২০২৬ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর, প্রদত্ত দর অংকে ও কথায় লিখিয়া দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর 'সম্পত্তি ক্রয়ের দরপত্র' লিখিয়া অত্র শাখায় রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র জমা দিতে হবে এবং ঐ দিনই বিকাল ৪.০০ ঘটিকায় ব্যাংক কর্তৃপক্ষ দরদাতা বা তাদের প্রতিনিধিদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খুলবেন। রেজিষ্ট্রিকৃত ডাকে প্রেরিত দরপত্র উক্ত তারিখে নির্দিষ্ট সময়ের মধ্যে পৌঁছাতে হবে। দরপত্রে দরপত্রদাতার নাম, পিতা/মাতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন নং কোম্পানী/ফার্মের ক্ষেত্রে তার নিবন্ধিত কার্যালয়ের ঠিকানা উল্লেখ করতে হবে। দরপত্রের সাথে দরপত্রদাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

২. প্রত্যেক দরদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব দশ লক্ষ টাকা হলে উহার ২০%, দশ লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব পঞ্চাশ লক্ষ টাকা হলে উহার ১৫% এবং উদ্ধৃত দর পঞ্চাশ লক্ষ টাকার অধিক হলে উহার ১০% এর সমপরিমাণ টাকা জামানতস্বরূপ যে কোন তফশিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে মার্কেন্টাইল ব্যাংক পিএলসি নজিপুর শাখা, নওগাঁ-এর অনুকূলে দরপত্রের সাথে দাখিল করতে হবে। পৃথক পৃথক তফসিলের জন্য পৃথক পৃথক ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দাখিল করতে হবে।

৩. অনূর্ধ্ব দশ লক্ষ টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, দশ লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং পঞ্চাশ লক্ষ টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং পঞ্চাশ লক্ষ টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করতে হবে। ব্যর্থতায় ব্যাংক কর্তৃপক্ষ জামানত বাজেয়াপ্ত করতে পারবে।

৪. উপরোক্ত অনুচ্ছেদ-৩ এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হলে মার্কেন্টাইল ব্যাংক পিএলসি কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি খরিদ করতে আহ্বান করতে পারবেন।

৫. মার্কেন্টাইল ব্যাংক পিএলসি কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের অধিকার সংরক্ষণ করেন। পৃথক পৃথক তফসিলের জন্য পৃথক পৃথক দরপত্র দাখিল করা যাবে।

৬. কৃতকার্য দরদাতাকে সম্পত্তির রেজিষ্ট্রেশন সংক্রান্ত খরচসহ ট্যাক্স ও অন্যানা খরচাদি (সরকারি, বেসরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থার পাওনা) বহন করতে হবে।

৭. দরপত্র জমা দেয়ার পরে বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, আকৃতি, প্রকৃতি, অবস্থান ও স্বত্বের দলিলপত্র সম্পর্কে দরদাতার কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

**বন্ধকীকৃত সম্পত্তির তফসিলঃ**

তফসিল-১ : হাল জেলা : নওগাঁ, উপজেলা: ধামইরহাট, মৌজা: মইশর, হাল জে.এল. নং-৮৩, খতিয়ান নং: হাল- ২৮৫,২৮৬, প্রস্তাবিতঃ ৪৫৯, দাগ নং সাবেক- ১৩১, হাল- ২৩০,২৩১,২২৮ মোট জমির পরিমাণ- ২২২.০০ শতাংশ। উহার উপর নির্মিত এবং নির্মিতব্য যাবতীয় স্থাপনাদি।

তফসিল-২: হাল জেলা: নওগাঁ, উপজেলা: ধামইরহাট, মৌজা: চকযদু, হাল জে.এল. নং-১০৫, খতিয়ান নং এস এ-৭৮, হাল-১৪৬, প্রস্তাবিতঃ-১৬৭৯, দাগ নং সাবেক-১০৫৭, হাল-১৪৭৬ মোট জমির পরিমাণ-৬.২৫ শতাংশ। উহার উপর নির্মিত এবং নির্মিতব্য যাবতীয় স্থাপনাদি।

উপরোল্লিখিত ২টি তফসিলে মোট জমির পরিমাণ (২২২.০০+৬.২৫) = ২২৮.২৫ শতক ভূমি এবং তদস্থিত বর্তমান ও ভবিষ্যৎ নির্মিতব্য সকল স্থাপনাদি।

**পক্ষেঃ শাখাপ্রধান, মার্কেন্টাইল ব্যাংক পিএলসি., নজিপুর শাখা, নওগাঁ।**
**টেলিফোনঃ ০৯৬৭-৮১৪২১৮০(১০১), মোবাইল: ০১৭৫৫-৬৩৭৩৮৬**